

ASEAN-India Foreign Ministers' Meeting and other related meetings

August 05, 2022

আসিয়ান-ভারত বিদেশ মন্ত্রীদের বৈঠক ও অন্যান্য প্রাসঙ্গিক বৈঠক

অগাস্ট 05, 2022

আসিয়ান-ভারত বিদেশমন্ত্রীদের বাৎসরিক বৈঠক (এআইএফএমএম) – অংশগ্রহণ করার জন্য ভারতের বিদেশমন্ত্রী ডঃ এস জয়শংকর, 03 – 05 অগাস্ট 2022 –এ কম্বোডিয়া সফর করেছেন। এআইএফএমএম-টি 04 অগাস্ট 2022 তারিখে বিকেলে কম্বোডিয়ার নম পেন- এ অনুষ্ঠিত হয়েছে। এই বৈঠকের যুগ্ম সভাপতিত্ব করেছেন বিদেশমন্ত্রী এবং সিঙ্গাপুরের বিদেশমন্ত্রী হিজ এক্সেলেন্সি ডঃ ভিভিয়ান বালকৃষ্ণণ। এছাড়াও অন্যান্য আসিয়ান সদস্য দেশের বিদেশমন্ত্রী/প্রতিনিধিরা অংশগ্রহণ করেছিলেন।

2. এই বছরে আসিয়ান-ভারত সম্পর্কের 30 তম বার্ষিকী উদযাপন উপলক্ষে 2022-সালের জুন মাসে নিউ দিল্লিতে ভারত দ্বারা আয়োজিত আসিয়ান-ভারত বিদেশমন্ত্রীদের বৈঠকের আলোচনাকে সামনের দিকে এগিয়ে নিয়ে গিয়ে এআইএফএমএম, অতিমারির পরবর্তী কালে স্মার্ট কৃষি, স্বাস্থ্য পরিষেবা, নব ও পুনর্নবীকরণ শক্তি, ডিজিটাল অন্তর্ভুক্তি এবং ফিনটেক ক্ষেত্রে সহযোগিতাকে বৃদ্ধি করা সহ আসিয়ান-ভারত সহযোগিতাকে উন্নত করার উপায়গুলি নিয়ে আলোচনা করেছে।

3. বিদেশমন্ত্রী তার বক্তব্যে, 'আসিয়ান অ্যাক্ট: একসাথে চ্যালঞ্জের মোকাবিলা' এই মূলভাবের উপরে এই বছর কম্বোডিয়ার আসিয়ান সভাপতিত্বের প্রশংসা করেছেন। তিনি আঞ্চলিক, বহুপাক্ষিক এবং বৈশ্বিক ব্যবস্থার গুরুত্বপূর্ণ স্তম্ভ হিসেবে আসিয়ানে ভারতের গুরুত্বকে তুলে ধরেন। বিদেশ মন্ত্রী, একটি স্বাধীন, উন্মুক্ত, অন্তর্ভুক্তিমূলক এবং নিয়ম ভিত্তিক ইন্দো-পেসিফিক অঞ্চলে আসিয়ানের ঐক্য ও কেন্দ্রিকতার জন্য ভারতের সমর্থন পুনর্ব্যক্ত করেছেন। ইন্দো-পেসিফিক –এর উপরে আসিয়ান দৃষ্টিভঙ্গি (এওআইপি) এবং ইন্দো-পেসিফিক উদ্যোগ(আইপিওআই) –এর মধ্যে মজবুত একমুখিতাকে উল্লেখ করে, তিনি ইন্দ-পেসিফিকে ভারত ও আসিয়ানের মধ্যে বৃহত্তর সহযোগিতার আহ্বান করেছেন। আসিয়ানের বিদেশমন্ত্রীর আসিয়ানের প্রতি ভারতের ধারাবাহিক সমর্থনকে প্রশংসা করেছেন এবং আসিয়ান-ভারত সম্পর্কে আরও মজবুত করার জন্য একসাথে কাজ করার জন্য উন্মুখ হয়ে রয়েছেন।

4. সফরকালে, বিদেশমন্ত্রী কম্বোডিয়ার প্রধানমন্ত্রী হিজ এক্সেলেন্সি শ্রীযুক্ত হন সেন-এর সাথেও সাক্ষাৎ করেছেন এবং পারস্পরিক স্বার্থের দ্বিপাক্ষিক এবং বৈশ্বিক সমস্যাগুলি নিয়ে আলোচনা করেছেন। বিদেশমন্ত্রী, অস্ট্রেলিয়া , শ্রীলংকা, ইউএস এবং ভিয়েতনাম থেকে আগত তার সমপদস্থদের সাথেও আলাপআলোচনা করেছেন।

5. নম পেন সফরের আগে, 3 অগাস্ট 2022 তারিখে বিদেশমন্ত্রী সিয়েম্রীপ-এ ভ্রমণ করেছেন এবং সেখানে তিনি ঐতিহ্যবাহী তা প্রোম এবং অঙ্কোর ভাট মন্দির পরিদর্শন করেছেন। ভারতের আর্কিওলজিক্যাল সার্ভে কর্তৃক এই ঐতিহ্যবাহী স্থানগুলির পুনরুদ্ধার এবং সংস্কার কার্যের পরীক্ষা করেছেন। তিনি সিয়েম রীপে কম্বোডিয়া এবং অন্যান্য এমজিসি শরিক দেশগুলির সাথে ভারত দ্বারা স্থাপন করা মেকন গঙ্গা কোঅপারেশন (এমজিসি)আসিয়ান ট্র্যাডিশনাল টেক্সটাইল মিউজিয়ামও পরিদর্শন করেছেন এবং এই প্রকল্পে ভারতের সহযোগিতা জারি রাখার জন্য আশ্বাস

প্রদান

করেছেন।

6. 05 অগাষ্ট 2022 তারিখে, নম পেন-এ আসিয়ান সম্পর্কিত মন্ত্রীপর্যায়ের বৈঠকের মধ্যে 12 তম পূর্ব এশিয়া শীর্ষ বিদেশমন্ত্রীদের বৈঠক এবং 29তম আসিয়ান আঞ্চলিক ফোরাম মন্ত্রীপর্যায়ের বৈঠকও অন্তর্ভুক্ত ছিল। এই বৈঠকে ভারতীয় প্রতিধি দলের নেতৃত্ব দিয়েছেন সচিব (পূর্ব)। 12 তম ইএএস এফএমএম বৈঠকে উদিত চ্যালেঞ্জগুলির জন্য আরও প্রতিক্রিয়াশীল করার লক্ষ্যে নেতৃত্বদের নেতৃত্বে ইএএস প্ল্যাটফর্মকে শক্তিশালী করার উপায়গুলি নিয়ে আলোচনা করা হয়েছে। বৈঠকে বর্তমান আঞ্চলিক ও আন্তর্জাতিক ঘটনাবলী এবং ভূ-রাজনৈতিক প্রতিবন্ধকতা নিয়ে আলোচনা করা হয়েছে ও সেই সাথে ইএএস-এর নতুন কর্মপরিকল্পনার প্রস্তুতি নিয়ে পর্যালোচনা করা হয়েছে। 2022 সালের নভেম্বর মাসে নির্ধারিত আসন্ন 17 তম ইএএস শীর্ষসম্মেলনের প্রস্তুতি নিয়েও আলোচনা করা হয়েছে।

7. 29 তম আসিয়ান আঞ্চলিক ফোরাম (এআরএফ)-এ আন্তর্জাতিক এবং আঞ্চলিক সমস্যাবলী সেই সাথে এআরএফ-এর ভবিষ্যত অভিমুখ নিয়ে মত বিনিময় করা হয়েছে। এই বৈঠকে দুটি বিবৃতি, যথা, প্রতিরোধক মূলক ব্যবস্থার মাধ্যমে এই অঞ্চলে শান্তি, স্থিতিশীলতা এবং সমৃদ্ধির প্রচারের জন্য এআরএফ বিবৃতি এবং দক্ষিণপূর্ব এশিয়া পারমাণবিক অস্ত্র মুক্ত অঞ্চল (এসইএএনডব্লুএফজেড) সংরক্ষণে এআরএফ বিবৃতি গৃহীত হয়েছে। এআরএফ-এ ভারতের অনশগ্রহণের একটি অঙ্গ হিসেবে, 13ই মে 2022 তারিখে অনুষ্ঠিত সামুদ্রিক প্রতিরক্ষার উপরে 13 তম এআরএফ আন্তঃঅদবেশন বৈঠকে ভারত যুগ্ম সভাপতিত্ব করেছিল এবং 2022-2023 সালে আন্তর্জাতিক জাহাজ ও বন্দর সুবিধা নিরাপত্তা কোড/ ইন্টারন্যাশনাল শিপ অ্যান্ড পোর্ট ফেসিলিটি সিকিউরিটি কোড(আইএসপিএস কোড)-এ যুগ্ম সভাপতির দায়িত্ব পালন করবে।

8. সামগ্রিকভাবে, বিদেশমন্ত্রীর কন্সোডিয়া সফর ফলপ্রসূ হয়েছে এবং ইন্দো-পেসিফিক অঞ্চলে ভারতের দ্বিপাক্ষিক এবং বহুপাক্ষিক সম্পর্ক মজবুত হয়েছে।

নম পেন

অগাষ্ট 05, 2022

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.